দৈনিক বাংলা

তারিখ ... 16 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৫৪ ...

28

## শিক্ষা প্রতিমন্ত্রীর সঙ্গে বেসরকারী স্কুল প্রধান শিক্ষকদের বৈঠক

ঢাকা শহরের ১৪টি বেসরকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ মঙ্গলবার শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সঙ্গে তার দফতরে এক বৈঠকে মিলিত হন।

শিক্ষকগণ প্রতিমন্ত্রীকে শিক্ষার ক্ষেত্রে বিরাজমান পেশাগত সমস্যা সম্পর্কে অবহিত করেন এবং এসব সমস্যা সমাধানের জন্য কিছু পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা প্রতিমন্ত্রী প্রধান শিক্ষকদের সঙ্গে মত বিনিময় করেন এবং পেশাগত সমস্যা থাকা সত্ত্বেও তাদের শিক্ষাদানের উন্নতমান বজায় রাখার আহ্বান জানান। তিনি জাতির স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে শিক্ষকদের পরামর্শ দেন।